

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.০৯৫.১৮-৮০২

তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রি।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো শ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নে ১ম পর্যায়ে নির্বাচনী এলাকাভিত্তিক সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দ প্রসংগে।


সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৮২২.১৮.০০১.১৭-২৯, তারিখঃ ২৮/০৯/২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো শ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১৮,৮২,৫৭৯.৪৭ (আঠার লক্ষ বিবাশি হাজার পাঁচশত উনিশ টাকা সাতচালিশ পয়সা) টাকা হারে মোট ($৫০ \times ১৮,৮২,৫৭৯.৪৭$) = ৯,৪১,২৮,৯৭৩.৯৫ (নয় কোটি একচালিশ লক্ষ আঠাশ হাজার নয়শত তিয়াত্তর টাকা পাঁচানুঠাই পয়সা) টাকা নিম্নবর্ণিত শর্তানুসারে বরাদ্দ প্রদান করা হলো।

২। আগমনির অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ আগমনির সংসদীয় এলাকার জেলা/উপজেলায় বিভাজনপূর্বক বরাদ্দের পরিমাণসহ আগমনির অভিপ্রায় আগমনি ৩১/১০/২০১৭ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। কাবিটা সর্বশেষ নির্দেশিকা অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পের তালিকা প্রস্তুত করতঃ জরুরী ভিত্তিতে জেলা কর্তৃপক্ষ কর্মসূচি কর্তৃক অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ-

- (১) এ মন্ত্রণালয়ের ১ম কিসিতে বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিটা নির্দেশিকা অনুসরণ করে সতত জেলা কর্তৃপক্ষ কর্মসূচির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও কাবিটা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিটা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) জেলা কর্তৃপক্ষ কর্মসূচির অনুমোদনকৃত প্রকল্পের অর্থ ছাড় করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৫) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের সংসদীয় এলাকার মধ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। নির্বাচনী এলাকার বাইরে প্রকল্প গ্রহণ করা যাবে না।
- (৬) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ডিডিও সফটকটপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৭) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (৮) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (৯) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুযাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।
- (১০) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- (১১) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আগমনির প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;
- (১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আং গণি রোড ঢাকাকে বিধিমতে অর্থের প্রয়োজনীয় ক্ষমতাপত্র জারী করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ রিয়াজ আহমেদ)
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১

dg@ddm.gov.bd

মাননীয় সংসদ সদস্য
সংরক্ষিত আসন-